Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 08 April, 2025

শেরপুরের ঝিনাইগাতীতে যৌতুকের দাবিতে হামিদা খাতুন (২৫) নামে এক গৃহবধূকে পিটিয়ে আহত করেছে স্বামী ও শ্বশুর বাড়ির লোকজন। সোমবার (৭ এপ্রিল) উপজেলার নলকুড়া ইউনিয়নের উত্তর ভারুয়া গ্রামে।হামিদা খাতুন ওই গ্রামের মৃত জায়ের উদ্দিনের ছেলে আলীমের স্ত্রী। পুলিশ ও স্থানীয় সুত্রে জানা গেছে, গত ৫ বছর পুর্বে আলীম জামালপুরের ইসলামপুর উপজেলার ডিগ্রিরচর গ্রামের হামেদ আলীর কন্যা হামিদার সাথে বিবাহ হয়।বিয়ের পর হামিদা খাতুন স্বামীর সংসারের অভাব অনটন দুর করতে পিতার বাড়ি থেকে ৫ লাখ টাকা ও প্রায় ৫০ হাজার টাকার আসবাবপত্র এনে দেন।কিন্তু এর পরেও স্বামী আলিম ও ভাশুর ইসলাম ও তার স্ত্রী রেহেনা আরো ১ লাখ টাকা যৌতুকের দাবিতে হামিদার উপর নানাভাবে শারীরিক ও মানসিক নির্যাতন চালিয়ে আসিল।হামিদা খাতুন পিতার বাড়ি থেকে এক লাখ টাকা এনে দিতে অপারগতা প্রকাশ করলে সোমবার ৭ এপ্রিল দুপুরে স্বামী আলিম,ভাশুর ইসলাম ও তার স্ত্রী রেহেনা

হামিদা খাতুনকে বেধরক মারপিট করে।এক পর্যায়ে হামিদাকে ঘরে তালা বদ্ধ করে রাখে।রাতে ঘরের তালা খোলা হলে গৃহবধূ হামিদা কৌশলে পালিয়ে অন্যবাড়ি আশ্রয় নেয়। মঙ্গলবার সকালে গৃহবধূ হামিদাকে তার দুই বছর বয়সি শিশু সন্তানসহ উপজেলা সদরের মহারশি নদীর ব্রীজপারে অজ্ঞান অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। বর্তমানে হামিদা খাতুন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে।এ ব্যাপারে গৃহবধূ হামিদা খাতুন বাদি হয়ে স্বামী, ভাশুর ও ভাশুরের স্ত্রীসহ ৩ জনকে আসামী করে থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার সত্যতা নিশ্চিত করে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আল আমিন বলেন, এ বিষয়ে একটি অভিযোগ পাওয়া গেছে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

যৌতুক গৃহবধূ আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:51

URL: https://timestodaybd.com/mymensingh/508885651